[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ফেনসিডিল উদ্ধারে গেলে পূর্ব থেকে ওৎ পেতে থাকা জসিমের সহযোগিরা বিজিবি সদস্যদের উপর হামলা করে। তারা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে বিজিবির দু’সদস্য জখম করে। এসময় উভয়পক্ষের মধ্যে গুলি বিনিময়ের এক পর্যায়ে গুলিবিদ্ধ হয়ে মারা যান জসিম। পুলিশ লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

এ ঘটনায় ৫৮ বিজিবির ল্যান্স নায়েক হামিদুর রহমান জীনননগর থানায় একটি লিখিত এজাহার দাখিল করেছেন। মাদকব্যবসায়ীদের হামলায় বিজিবির ল্যান্স নায়েক মো. মহিউদ্দিন ও সিপাহী আব্দুল আলিম জখম হয়েছেন বলে এজাহারে উল্লেখ করা হয়েছে।

মেহেরপুরে সরকারি নির্দেশ অমান্য করায় ৬ ব্যবসায়ীর জরিমানা

সরকারি নির্দেশ অমান্য করে দোকান খোলায় ৬ ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করা হয়৷ সোমবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ৬ ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করা হয়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসানের নেতৃত্বে মেহেরপুর শহরের বিভিন্ন এলাকার রড সিমেন্টের দোকান, ঘড়ির দোকান, কসমেটিক ও অন্যান্য দোকানে এ আদালত বসানো হয়। এসময় সরকারীর আইন অমান্য করে দোকান খোলার দায়ে ৬ ব্যবসায়ীর নিকট থেকে ৫ হাজার ৮০০ টাকা জরিমানা আদায় করা হয়।

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে ত্রাণ বিতরণ

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে অসহায় কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর শহরের মালো পাড়ায় হরিজণ সম্প্রদায়ের মানুষদের এই খাদ্য উপহার সামগ্রী তুলে দেওয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি।

এসময় তিনি বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর নির্দেশক্রমে মেহেরপুর শহরের কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। সেই সাথে পর্যায়ক্রমে অন্যান্য জায়গাতেও খাদ্য বিতরণ করা হবে।

খাদ্য বিতরণে আরও উপস্থিত ছিলেন শহর সমাজ সমন্বয় পরিষদের সভাপতি আমিনুল ইসলাম খোকন, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা তাঁতীলীগের সভাপতি সুবাদ আলী প্রমুখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে যুবলীগ নেতা জনির বাড়িতে পুলিশের তল্লাশি

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও বর্তমান জেলা যুবলীগের সদস্য মিজানুর রহমান জনির বাড়িতে সদর থানা পুলিশের একটি দল তল্লাশি করেছে। পরে কোন কিছু না পেয়ে ভুল ইনফরমেশন বলে চলে যায়।

এ ঘটনায় মিজানুর রহমান জনি রবিবার বিকাল ৫টার দিকে তার ফেসবুকে লাইভে এসেছিলেন। সেখানে তিনি আগামি ২৪ ঘন্টার মধ্যে ভুল তথ্যদানকারীর বিচারের দাবি জানিয়েছেন।

মিজানুর রহমান জনি জানান, গত ১৮ এপ্রিল শনিবার দুপুরে আমার বাড়িতে মেহেরপুর সদর থানার ওসি(তদন্ত) এর নেতৃত্বে এস আই আহসান হাবিব, ইকবাল, কইতরসহ ৬জনের একটি পুলিশের দল যায়। এ সময় প্রতিটি ঘরে তল্লাশির নামে ঘরের জিনিসপত্র ফেলে দেয়। কি কারনে আমার বাড়ি তল্লাশি করা হচ্ছে জানতে চাইলে পুলিশ বলে আমাদের কাছে তথ্য আছে। পরে কোন কিছু ন পেয়ে আামদের কাছে অনুতপ্ত হয়ে চলে যায়। কোন প্রকার সার্চ ওয়ারেন্ট ছাড়াই আমার বাড়িতে তারা এইভাবে অভিযান চালিয়ে আমাদের সম্মান হানি করেছে।

গাংনীতে স্ত্রী হত্যার নেপথ্যে সমিতির ঋন

মেহেরপুরের গাংনী উপজেলার পূৃর্ব মালসাদহ এলাকায় স্ত্রী হত্যার রহস্য উন্মোচিত হয়েছে। গত ১৪ এপ্রিল গভীর রাতে স্বামী জুয়েল তার স্ত্রীকে ওড়না দিয়ে ফাঁস দিয়ে মৃত্যু নিশ্চিৎ করে। পরে এ হত্যা কান্ডকে ধামাচাপা দিতে ডাকাতি নাটক সাজায় ঘাতক জুয়েল।

হত্যাকান্ডের বিষয়ে রবিবার মেহেরপুর সিনিয়র চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট শাহীন রেজার খাস কামরায় ১৬৪ ধারায় জবান বন্দী দেয় আসামী জুয়েল।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, গাংনীর দারিদ্র বিমোচন কেন্দ্র নামের একটি এনজিও থেকে স্ত্রী চম্পা ও ঘাতক জুয়েল তার মায়ের নামে ৯৮ হাজার টাকা করে মোট ১লক্ষ ৯৬ হাজার টাকা ঋন গ্রহন করে তার শশুরকে ব্যবসা করতে দেয়। তার শশুর ৩৫ হাজার টাকা পরিশোধ করে পরে বাকি টাকা দিতে বিলম্ব করে। টাকা ফেরত দিতে বিলম্ব হওয়ার কারণ নিয়ে জুয়েল ও কার স্ত্রীর মধ্যে বাকবিতন্ডা হতো। এর এক পর্যায়ে ঘটনার দিন ১৪ এপ্রিল রাতে স্বামী জুয়েল তার স্ত্রীকে ঘুমন্ত অবস্থায় গলায় ওড়নার ফাঁস দিয়ে হত্যা করে ও পরে ডাকাতির

নাটক সাজাতে মৃত স্ত্রীর মাথায় দা দিয়ে আঘাত করে এবং নিজেও নিজেকে আঘাত করে।বর্তমানে সে মেহেরপুর জেল হাজতে রয়েছে।

ইমরুল কায়েস এর পিতার ইন্তেকাল

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের খেলোয়াড় ইমরুল কায়েস এর পিতা বানি আমিন বিশ্বাস ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেছেন।

এর আগে গত ২৩ মার্চ মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রী কলেজ এর সামনে সড়ক দুর্ঘটনায় মারাত্মক ভাবে আহত হন।

পরে হেলিকপ্টার যোগে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রবিবার রাত সাড়ে ৯টার দিকে তিনি মৃত্যু বরণ করেন।

আমঝুপিতে হাটে বক্স শেপ চালু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের হাটে বক্স শেপ চালু করা হয়েছে।

করোনার সংক্রমণ রোধে সামাজিক দূরত্ব বজায় রাখার লক্ষ্যে বক্স সিস্টেম এর মাধ্যেমে হাট ব্যাবস্থাপনা চালু করা হয়।
মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এর উদ্যোগে
রবিবার বিকালে আমঝুপি ঈদগাহ ময়দানে বক্স সিস্টেম চালু করা হয়।

মানুষের সমাগম রোধে যার দুরুত্ব করা হয়েছে একটি বক্সের থেকে আরেকটি ৫ ফুট এবং একটি লাইন থেকে আরেকটি লাইনের দুরুত্ব প্রায় ১০ ফুট।

প্রতিটি বক্সের ভিতরে একটি করে দোকান বসানো হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন চুন্নু, মউক এর নির্বাহী পরিচালক আসাদুজ্জামান সেলিম।

গাংনীতে ভর্তুকি মূল্যে কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র বিতরণ করা হয়েছে।

মেহেরপুরের গাংনীতে ভর্তুকি মূল্যে কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র বিতরণ করা হয়েছে। রবিবার গাংনী উপজেলার ৩জন চাষীর মাঝে ভর্তুকি মূল্যে কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র বিতরণ করা হয়। কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র বিতরন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন,করোনা সংক্রামন থেকে নিজে,পরিবার ও সমাজকে বাঁচাতে আপনার ঘরে থাকুন। সেবা আপনাদেওরকাছে পৌছে দেবো।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কে এম সাহাবুদ্দীন আহমেদ। গাংনী উপজেলা কৃষি অফিসার কে এম সাহাবুদ্দীন আহমেদ বলেন কৃষকরা সঠিক সময়ে কম খরচে ধান ঘরে তুলতে পারে এজন্য ভর্তুকি মূল্যে কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র দিয়েছে সরকার। আপনার কৃষককে সল্পমূল্যে সেবা দেওয়ার আহবান জানান।

গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন,দোকানপাট বন্ধ থাকলেও প্রধানমন্ত্রী কৃষিখাতকে এগিয়ে নিতে কৃষকদের ৩০ লাখ টাকা মূল্যে’র কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র অর্ধেকেরও কম ১৪ লাখ টাকা দিচ্ছে। প্রান্তিক পর্যায়ের কৃষক যাতে সাশ্রয়ী খরচে ধানকাট করতে পারে এজন্য এ ব্যবস্থা নিয়েছে সরকার।

সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন,আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে উৎপাদন বৃদ্ধি ও কম খরচে কৃষরা তাদের ফসল ঘরে তুলতে পারে এজন্যই সরকার কৃষককে সহযোগিতা করছে। যেসব কৃষক সরকারী ভর্তুকি মূল্যে কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র পেয়েছেন তারা যেন সকল কৃষককে কম টাকায় সেবা পৌছে দেবেন। এছাড়া সেচকাজে কৃষককে সরকার যে ভর্তুকি দেয় পাম্প মালিকরা তা কৃষকের কাছে পৌছে দেবেন। কোন অভিযোগ উঠলে বা অনিয়ম পরিলক্ষিত হলেই ব্যবস্থা নেয়া হবে। সরকার কৃষকের জন্য ভর্তুকি দেবে পাম্প মালিকরা তা কৃষককে দেবেন না তা বরদাস করা হবেনা।

ইতোপূর্বে কৃষকরা লাইনে দাড়িয়েও সার পাইনি সারের জন্য হাহাকার ছিলো। আর সেই সার এখন কৃষকের জন্য অপেক্ষা করে। যেমনটি কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র যারা নিয়েছেন তাদের জন্য আমরা নিদৃষ্ট সময় থেকে অপেক্ষা করছি। প্রধানমন্ত্রী জনগনের দৌড়গড়ায় সেবা পৌছে দিচ্ছেন এটাই তার দৃষ্টান্ত উধারণ। উল্লেখ্য: করমদী গ্রামের শরিফুল ইসলাম,জোড়পুকুর গ্রামের জাহাঙ্গীর হোসেন ও বামুন্দীর আমজাদ হোসেনকে আজকে ভর্তুকি মূল্যে কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র দেয়া হয়েছে। বাকী ৫টি কম্বাইন হারভেস্টার (ধানকোটা) যন্ত্র বিতরণ দুএক দিনের মধ্যে দেয়া হবে।

মেহেরপুর জেলা কারাগারের খাবার সামগ্রী বিতরণ

মেহেরপুর জেলা কারাগারের উদ্যোগে কিছু কয়েদি পরিবার ও জেলখানার পার্শবর্তী কর্মহীন ও অসহায় পরিবারের মাঝে খাবার সামগ্রী বিতরণ করা হয়েছে।

রবিবার সকাল ১১টার দিকে জেলা কারাগার চত্বরে ৬০ টি কর্মহীন ও অসহায় পরিবারের মাঝে খাবার সামগ্রী তুলে দেন জেল সুপার এস এম কামরুল হুদা। এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানান জেল সুপার। এ সময় জেলার শফিকুল ইসলাম সহ কারারক্ষীরা উপস্থিত ছিলেন।